গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
প্রিন্সিপ্যালের কার্যালয়
বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী

স্মারক নং-বিপিএ/প্রশাসন/ ৪৮৮৮ তারিখঃ ১৭/০৭/২০২১ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৬.২১.১৯০, তারিখ-০২/০৬/২০২১খ্রিঃ এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৩.২০/৬১০, তারিখ ১৫/০৬/২০২১ খ্রিঃ মোতাবেক প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী এর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতিয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ক্যাশিয়ার | ০১ (এক) টি | গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২. | গ্রন্থাগারিক সহকারী কাম-ক্যাটালগার | ০১ (এক) টি | গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসহ গ্রন্থগারের কাজে কম পক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

### শর্তাবলী

১. নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম টি বাংলাদেশ পুলিশ একাডেমীর www.bpa.gov.bd ওয়েব সাইট এ এবং বিপিএ প্রশাসন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৫. খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬. বিভাগীয় (চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষেরে মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৭. আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (সত্যায়িত)। জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (সত্যায়িত)।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত)।

(ঘ) নাগরিকত্ব সনদের মূল কপি সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রার্থীকে ১/২২১১/০০০০/২০৩১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সংঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সংগে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫ (পনের) টাকার ডাকটিকেট লাগানো ৯.৫" × ৪" সাইজের দুইটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

(ছ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমান পত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনের সাথে জমা দিতে হবে।

৮. বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/পোষ্যদের মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত নিম্নবর্ণিত যেকোন একটি প্রমানক দাখিল করতে হবে। উক্ত প্রমানকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

(ক) ভারতীয় তালিকা:

(i) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (ii) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (iii) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (iv) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (v) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী); অথবা

(খ) লাল মুক্তিবার্তা:

(i) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); (ii) লাল মুক্তিবার্তা স্মরনীয় যারা বরণীয় যারা; অথবা

(গ) গেজেট:

(i) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (ii) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (iii) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট (iv) বিসিএস গেজেট; (v)স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (vi) বীরাঙ্গনা গেজেট; (vii) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (viii) ন্যাপ কমিউনিষ্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (ix) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (x) মুজিবনগর গেজেট; অথবা

(ঘ) বাহীনি গেজেট:

(i) সেনাবাহিনী গেজেট; (ii) নৌবাহিনী গেজেট; (iii) বিমানবাহিনী গেজেট; (iv) বিজিবি গেজেট; (v) পুলিশ বাহিনী গেজেট; (vi) আনসার বাহিনী গেজেট; (vii) নৌ কমান্ডো গেজেট; অথবা

(ঙ) শহীদ গেজেট:

(i) শহীদ বেসামরিক গেজেট; (ii) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (iii) শহীদ বিজিবি গেজেট; (iv) শহীদ পুলিশ গেজেট;

(চ) খেতাবপ্রাপ্ত:

(i) খেতাবপ্রাপ্ত গেজেট; অথবা

(ছ) যুদ্ধাহত:

(i) যুদ্ধাহত গেজেট; (ii) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (iii) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট;(iv) যুদ্ধাহত সেনা গেজেট

| প্রার্থীর নাম,পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদে মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা ও নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ ওয়ারিশন সনদ সংযুক্ত করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশ/পৌরসভা /ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

৯.লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে;

(i) ৮ নং ক্রমিকের ছকে বর্ণিত কাগজ পত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

(ii) সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে ।

(iv) জাতীয় পরিচয় পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(v) শিক্ষাগত যোগ্যতার প্রমানস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র ।

(vi) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(vii) মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরুপ কোন তথ্য পাওয়া গেলে অস্থায়ী নিয়োগ বাতিল হবেএবং গৃহীত সমুদয় সুবিধাদী প্রত্যর্পণ করতে বাধ্য থাকিবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে অঙ্গীকার নামা দাখিল করিবেন।

(viii) মুক্তিযোদ্ধা কোটায় চুড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশ পত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশ পত্রে তার প্রতিস্বাক্ষর থাকবেএবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশ পত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর

করতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশ পত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেওয়া হবে।

(ix)লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সু-স্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।

১০. আগামী ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ডাকযোগে প্রিন্সিপ্যালের কার্যালয়,বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বরাবর পৌছাতে হবে। সরাসরি ও কার্যালয়ে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে.না। মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১১. প্রার্থীর বয়সসীমা ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখে ১৮- ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

১২. নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করতে হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে। কোটার দাবিদার প্রার্থীদের সনদ/প্রমাণপত্র বিবেচনা/গ্রহণের স্বাক্ষাতকার বোর্ড/বিভাগীয় নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১৩. নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

১৪. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬. আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

(মোহাম্মদ মিজানুর রহমান)
বিপি-৭৪০৫১০৫০৭৮
পুলিশ সুপার (প্রশাসন)
পক্ষে-প্রিন্সিপ্যাল
বাংলাদেশ পুলিশ একাডেমী
সারদা, রাজশাহী
ফোন-০৭২২৩৫৬২৯৯

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
সত্যায়িত ছবি
স্ট্যাপল করতে হবে

বরাবর

......................................................

......................................................

......................................................

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ | দিন | মাস | বৎসর | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দিন | মাস | বৎসর | ৬. জন্মস্থান (জেলা) : | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স | বছর | মাস | দিন | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টাকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | | ১৩. জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০. | ট্রেজারী চালান নং: | | তারিখ: | |
| ২১. | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর